**EXAMINATION STRUCTURE FOR BENGALI – CODE 005**

**CLASS: IX**

**FIRST TERM (APRIL 2011 – SEPTEMBER 2011) – S.A. I**

| SECTION | DETAILS OF TOPICS/CHAPTERS | TYPES OF QUESTIONS | NO. OF QUESTIONS | MARKS |
|---|---|---|---|---|
| SECTION - A<br><br>READING | Reading Comprehension. Three unseen passages of 500 word each. One grammar based question is a must from each passage of 01 mark. | MCQ | 03 | 3 x 5 = **15 marks** |
| SECTION - B<br><br>WRITING | 1. Letter writing (personal)<br><br>2. Paragraph writing. | L. A.<br><br>L. A. | 01<br><br>01 | 4+3 = 07 marks<br><br>1 x 8 = 08 marks<br><br>**Total = 15 marks** |
| SECTION - C<br><br>GRAMMAR | 1. Sandhi (Swara)<br>2. Transformation of sentences.<br>3. Synonyms.<br>4. Idioms and Proverbs | MCQ | 04 | 4 x 5 = **20 marks** |
| SECTION - D<br><br>LITERATURE | Prose :<br>1) Sagar Sangame Nabakumar<br>2) Agnidever Sajja<br>3) Harun Salemer Masi<br><br>Poetry :<br>1) Agomoni<br>2) Kalketur Nikat Bharu Datta<br>3) Bharat Tirtha<br><br>Supplementary Reader - Am Antir Bhempu (Chapters 1 to 10) | Explanation (L. A.)<br><br>Questions (S.A)<br><br>Explanation (L. A.)<br>Questions (S.A)<br><br>Questions | 01<br><br>02<br><br>01<br><br>02<br><br>02 | 1 x 5 = 05 marks<br><br>2 x 5 = 10 marks<br><br>1 x 5 = 05 marks<br><br>2 x 5 =10 marks<br><br>2 x 5 = 10 marks<br><br>**Total = 40 marks** |
| **TOTAL** | | | | **90 marks** |

# SAMPLE QUESTION PAPER
## FIRST SUMMATIVE ASSESSMENT, SEPTEMBER - 2011
## SA - I
## BENGALI, CODE - 005
## নবম শ্রেণী

সময় - 3 ঘন্টা পূর্ণাংক -90

The question Paper is divided into four sections

SECTION A : READING (COMPREHENSION)

SECTION B : WRITING (COMPOSITION)

SECTION C : GRAMMAR

SECTION D : LITERATURE (TEXT BOOK & SUPPLEMENTARY READER)

### SECTION - A
### (বোধপরীক্ষণ)

1. প্রদত্ত অনুচ্ছেদটি ভালো করে পড়ো। নীচে প্রদত্ত অনুচ্ছেদটি সম্পর্কিত প্রশ্নের সাথে দেওয়া তিনটি উত্তরের মধ্যে সঠিক উত্তরটি বেছে লেখ ঃ- 2+2+1=5

আমরা যেরূপ আহার করি, গাছও সেরূপ আহার করে। আমাদের দাঁত আছে, আমরা কঠিন জিনিষ খাইতে পারি। ছোট ছোট শিশুদের দাঁত নাই তাহারা কেবল দুধ খায়। গাছের দাঁত নাই, সুতরাং তাহারা কেবল জলীয় দ্রব্য কিংবা বাতাস হইতে আহার গ্রহণ করিতে পারে। মূল দ্বারা মাটি হইতে গাছ রস শোষণ করে। চিনিতে জল ঢালিলে চিনি গলিয়া যায়। মাটিতে জল ঢালিলে মাটির ভিতর অনেক জিনিষ গলিয়া যায়। গাছ সেই সব জিনিষ আহার করে। গাছের গোড়ায় জল না দিলে গাছের আহার বন্ধ হইয়া যায় ও গাছ মরিয়া যায়। অনুবীক্ষণ যন্ত্র দিয়া অতি ক্ষুদ্র পদার্থও দেখিতে পাওয়া যায়। গাছের ডাল কিংবা মূল এই যন্ত্র দিয়া পরীক্ষা করিলে দেখা যায় যে, গাছের মধ্যে হাজার হাজার নল আছে। এই সব নল দ্বারা মাটি হইতে গাছের শরীরে রস প্রবেশ করে।

1) গাছ মাটি থেকে কীভাবে আহার গ্রহণ করে?
   - ক) তারা কেবল দুধ খায় ।
   - খ) মূল দ্বারা মাটি থেকে রস শোষণ করে।
   - গ) বাতাস থেকে আহার গ্রহণ করে ।

2) গাছের গোড়ায় জল না দিলে কী হয় ?
   - ক) গাছের আহার বন্ধ হয়ে যায় ও গাছ মরে যায়।
   - খ) গাছ বাতাস থেকে আহার সংগ্রহ করে বড় হয়।
   - গ) মাটির ভিতরের অনেক জিনিষ গলে যায়।

3) 'আহার' শব্দটির বিপরীত শব্দটি কী ?
   - ক) নিরাহার।
   - খ) শাকাহার।
   - গ) অনাহার ।

P.T.O.

2. প্রদত্ত অনুচ্ছেদটি ভালো করে পড়ো। নীচে প্রদত্ত অনুচ্ছেদটি সম্পর্কিত প্রশ্নের সাথে দেওয়া তিনটি উত্তরের মধ্যে সঠিক উত্তরটি বেছে লেখ ঃ- 2+2+1=5

হিমাংশুর গাছ পালার উপর ভালবাসা ছিল সত্যিকার জিনিষ। সে ভালো খেত না, ভালো কাপড় জামা কখনো দেখি নি তার গায়ে - কিন্তু এধরণের সুখ স্বাচ্ছন্দ্য তার কাম্যও ছিল না। তার পয়সার স্বচ্ছলতা ছিল না কখনও, টুইশানি করে দিন চালাত, তাও আবার সব সময় জুটতো না, তখন বন্ধু বান্ধবদের কাছে ধার করত। যখন ধারও মিলত না তখন দিনকতক চন্দনগরে এক মাসীর বাড়ি গিয়ে মাস খানেক, মাস দুই কাটিয়ে আসত। কিন্তু পয়সা হাতে হলে কাপড় জামা না কিনুক, খাওয়া-দাওয়ার ব্যয় করুক না করুক, ভালো গাছপালা দেখলে কিনবেই। মেসে আমাদের ঘরের সামনে ছোট একটা অপরিসর বারান্দাতে সে তার গাছপালার টবগুলো রাখত। গোলাপের উপর তার তত ঝোঁক ছিল না, সে ভালবাসত নানা জাতীয় পাম্ - বিশেষ করে বড় জাতীয় পাম্ -

1) হিমাংশুর কীসের উপর সত্যিকারের ভালবাসা ছিল ?

ক) বন্ধু বান্ধবদের উপর।

খ) কাপড় জামার উপর।

গ) গাছপালার উপর।

2) কোন ধরণের গাছের উপর হিমাংশুর বিশেষ ঝোঁক ছিল ?

ক) পাম্ জাতীয় গাছ ।

খ) ফলের গাছ ।

গ) গোলাপের গাছ।

3) 'হিমাংশু' শব্দটি সন্ধি বিচ্ছেদ করলে হবে -

ক) হিম + অংশু

খ) হিমা + অংশু

গ) হিম + আংশু ।

3. প্রদত্ত অনুচ্ছেদটি ভালো করে পড়ো। নীচে প্রদত্ত অনুচ্ছেদটি সম্পর্কিত প্রশ্নের সাথে দেওয়া তিনটি উত্তরের মধ্যে সঠিক উত্তরটি বেছে লেখ ঃ- 2+2+1=5

চার মাইল বিশাল চড়াই পার হয়ে ত্রিযুগীনারায়ণে এসে পৌঁছলাম। গাঁয়ের নাম রায়না। গঙ্গোত্তরী হয়ে আর একটি পথ এখানে এসে মিলেছে। মন্দিরটিকে কেন্দ্র করেই গ্রাম। শীতের হাওয়ায় জুবুথুবু হয়ে গেলাম। ভীষণ মাছির উৎপাত। রান্না করবার আর শারীরিক সঙ্গতি ছিল না। মন্দির দর্শন করতে গিয়ে দেখি ভিতরটা ঝুপ্‌সি অন্ধকার, নাটমন্দিরে একটা বড় পাথরের খাপ্‌রার মধ্যে ধুনি জ্বলছে। জ্বলছে ত্রেতা যুগ থেকে - কোনো মুহূর্তেই নির্বাপিত হয় না। শীতের দিনে আগুনে কাঠ যুগিয়ে পান্ডারা নীচে নেমে যায়, গ্রীষ্মকালে এসে মন্দিরের দরজা খুলে দেখে ছাইচাপা আগুন - অন্তত এই কথাই প্রকাশ। মন্দির দর্শন করে দোকানদারের কাছে পুরি ও তরকারি কিনে চটিতে এসে উঠলাম। বেলা আন্দাজ তিনটে। তা হোক, আজকে আর পাদমেকং ন গচ্ছামি ।

1) মন্দিরের নাম কী ছিল ।

ক) রায়না।

খ) ত্রিযুগীনারায়ণ ।

গ) গঙ্গোত্তরী।

2) নাটমন্দিরে ধুনিটি কবে থেকে জ্বলছে ?

ক) ত্রেতা যুগ থেকে ।

খ) শীতকাল থেকে ।

গ) গ্রীষ্মকাল থেকে।

3) 'পাথর' শব্দটির সমার্থক শব্দ কোনটি ?

ক) পর্বত ।

খ) গিরি ।

গ) প্রস্তর।

## SECTION - B

### নির্মিত অধ্যায়

4. গরমের ছুটিতে তুমি বাবা-মায়ের সাথে গ্রামে বেড়াতে গিয়েছিলে। গ্রামের অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে একটি পত্র লেখ ।

অথবা

তোমার কাকু বিদেশে থাকেন। তুমি তাঁর কাছে থেকে পড়াশোনা করতে চাও । সে কথা জানিয়ে কাকুকে একটি পত্র লেখ । 4+3=7

5. নীচে প্রদত্ত যে কোনও একটি বিষয়ের উপর 150 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর ঃ- 8

ক) বিশ্বকাপ ক্রিকেট, 2011 (কবে, কোথায় হয়েছিল - খেলার বর্ণনা - তোমার অনুভূতি)

খ) পণপ্রথা (পণপ্রথা কী - এর কুফল - আমাদের দায়িত্ব)

গ) আমাদের জীবনে কম্পিউটার (কম্পিউটার কী - আমাদের জীবনে এর গুরুত্ব - এর সুফল ও কুফল)

## SECTION - C

### (ব্যাকরণ)

6. নীচে প্রদত্ত সন্ধি সম্পর্কিত প্রতিটি প্রশ্নের সাথে তিনটি করে উত্তর রয়েছে। সঠিক উত্তরটি বেছে লেখ ঃ- 5X1=5

1. 'স্বাধীন' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে হবে -

ক) সু + অধীন ।

খ) স্ব + অধীন ।

গ) স + বধীন।

2. 'দেশাচার' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে হবে -

ক) দেশা + চার ।

খ) দেশ + চার ।

গ) দেশ + আচার।

3. 'মধু + উৎসব' - এর সন্ধিবদ্ধ পদটি হবে -

ক) মধূৎসব ।

খ) মধুৎসব ।

গ) মধুসব।

4. 'দিল্লি + ঈশ্বর' - এর সন্ধিবদ্ধ রূপটি হবে -

ক) দিল্লিশ্বর

খ) দিলেশ্বর

গ) দিল্লীশ্বর ।

5. 'যথা + ইষ্ট = যথেষ্ট' সন্ধির এই উদাহরণটিতে কোন কোন স্বরবর্ণের সন্ধি হয়ে কোন স্বরবর্ণে পরিবর্তিত হয়েছে -

ক) থা + ই = থে

খ) আ + ই = এ

গ) থ + ই = থে

7. নীচে প্রদত্ত বাক্য পরিবর্তন সম্পর্কিত প্রতিটি প্রশ্নের সাথে তিনটি করে উত্তর রয়েছে। সঠিক উত্তরটি বেছে লেখ -

1. 'জ্বর হওয়ায় আমার পক্ষে আজ বিদ্যালয়ে যাওয়া সম্ভব নয়' - বাক্যটিকে অস্ত্যর্থক বাক্যে পরিবর্তিত করলে হবে -

ক) জ্বর হওয়ায় আমার পক্ষে আজ বিদ্যালয়ে যাওয়া অসম্ভব ।

খ) জ্বর হলেও আমি আজ বিদ্যালয়ে যাব ।

গ) জ্বর হয়েছে বলে আমি আজ বিদ্যালয়ে যেতে পারব না।

2. 'মধুকে চোর বলে মানা সম্ভব নয়' - বাক্যটিকে প্রশ্নবোধক বাক্যে পরিণত করলে হবে -

ক) মধুকে চোর বলে মানা অসম্ভব ।

খ) মধুকে কি চোর বলে মানা সম্ভব ?

গ) মধু কি চোর ?

3. 'ভিখারীটির আজ খাওয়া জোটেনি' - বাক্যটিকে বিস্ময়বোধক বাক্যে পরিণত করলে হবে -

ক) ভিখারীটি আজ অনাহারে ছিল

খ) ভিখারীটির কি আজ খাওয়া জোটে নি ?

গ) আহারে! ভিখারীটির আজ খাওয়া জোটেনি ।

4. 'তোমার মিথ্যা কথা বলা উচিত নয়' - বাক্যটিকে অনুজ্ঞা বাচক বাক্যে পরিণত করলে হবে -

ক) তোমার মিথ্যা কথা বলা অনুচিত ?

খ) তোমার মিথ্যা কথা বলা কি উচিত ?

গ) তুমি মিথ্যা কথা বলবে না ।

5. 'লালু গ্রামের সকলেরই খুব প্রিয়' - বাক্যটিকে নাস্ত্যর্থক বাক্যে পরিণত করলে হবে -

ক) লালু গ্রামের কারোর কাছেই অপ্রিয় নয় ।

খ) লালু গ্রামের সকলের প্রিয় নয় ।

গ) লালু গ্রামের কার কাছে প্রিয় ?

8. নীচে প্রদত্ত সমার্থক শব্দ সম্পর্কিত প্রতিটি প্রশ্নের সাথে তিনটি করে উত্তর রয়েছে । সঠিক উত্তরটি বেছে লেখ ঃ- 5X1=5

1. নীচের কোন শব্দগুচ্ছটি 'আগুন' শব্দের সমার্থক শব্দ ঃ-

ক) অনল, বহ্নি ।

খ) শশাঙ্ক, বিধু ।

গ) গিরি, পর্বত ।

2. 'পরিবেশরক্ষার জন্য বৃক্ষরোপন প্রয়োজন' -
রেখাঙ্কিত শব্দের স্থানে নীচের কোন শব্দটি ব্যবহার করা যেতে পারে -
ক) কমল ।
খ) জলধি ।
গ) তরু ।

3. 'সূর্য' শব্দের সমার্থক শব্দগুচ্ছ কোনটি -
ক) পাদপ, দ্রুম ।
খ) ভাস্কর, অরুণ ।
গ) গগণ, আকাশ

4. 'গজ, হস্তী, করী' - এই শব্দগুচ্ছটি কোন শব্দের সমার্থক শব্দ -
ক) মস্তক
খ) মৃগ
গ) হাতী

5. তুষারে ঢাকা পাহাড়ের দৃশ্য অপরূপ' - বাক্যটির রেখাঙ্কিত শব্দের স্থানে নীচের কোন সমার্থক শব্দটি ব্যবহার করা যেতে পারে -
ক) মেঘ
খ) হিম
গ) কুয়াশা

9. নীচে প্রদত্ত বাগ্‌ধারা সম্পর্কিত প্রতিটি প্রশ্নের সাথে তিনটি করে উত্তর দেওয়া রয়েছে। সঠিক উত্তরটি বেছে লেখ - 5X1=5

1. 'দু নৌকায় পা' - বাগধারাটির সঠিক প্রয়োগ নীচের কোন বাক্যটিতে হয়েছে -
ক) দু নৌকায় পা দিয়ে চললে জলে পড়ে যাবে ।
খ) দু নৌকায় পা না দিয়ে যে কোনও একটিতে চড়ে নদী পার হও ।
গ) যে দু নৌকায় পা দিয়ে চলে তাকে বিশ্বাস করতে নেই ।

2. 'অকাল কুষ্মান্ড' - বাগ্‌ধারাটির অর্থ কোনটি -
ক) অপদার্থ ।
খ) অকাল যে কুষ্মান্ড ।
গ) অকালে পাকা কুমড়া ।

3. 'তেলা মাথায় তেল দেওয়া' - নীচের কোন বাক্যটিতে এই বাগ্‌ধারাটির সঠিক প্রয়োগ হয়েছে -
ক) আগে যে মাথায় তেল দেওয়া রয়েছে সেই মাথায় তেল দিও না ।
খ) রোজ তেলা মাথায় তেল দেওয়া উচিত নয় ।
গ) সমাজের রীতিই হল তেলা মাথায় তেল দিয়ে নিজের কাজ উদ্ধার করা ।

4. 'নয়নের মণি' - বাগ্‌ধারাটির অর্থ হল -
ক) চোখের মাঝখানের কালো অংশ।
খ) খুব প্রিয় ।
গ) সাপের মাথার মণি ।

5. 'ছেলেটি একদম -----------, সব সময় বড়দের সাথে তর্ক করে - শূণ্যস্থানটিতে নীচের কোন বাগধারাটি প্রয়োগ করা যাবে -

ক) অন্ধের যষ্ঠি

খ) কূপমন্ডুক

গ) ইচড়ে পাকা ।

## SECTION - C
## (সাহিত্য বিভাগ)

১০. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ (একটি) ঃ- 5

"সেখানে একবার মিশে যেতে পারলে আর ভয় থাকে না"

অথবা

"আহা ! - কী দেখিলাম ! জন্ম জন্মান্তরেও ভুলিব না"

১১. "হে দেবতা আপনার এ রূপের কাছে শত হীরকখনি তুচ্ছ হয়ে যায়" - 1+2+2=5

ক) কার লেখা, কোন রচনা থেকে নেওয়া হয়েছে ?

খ) কে, কার প্রতি এই উক্তি করেছে ?

গ) সেই বিশেষ রূপটি কীরূপ ?

অথবা

"বিকেলের পড়ন্ত আলোয় একা একা যজ্ঞডুমুরের ডাল ভাঙতে ভাঙতে গৌরবির নিজের জন্য বড় কষ্ট হল"-

ক) কার লেখা, কোন রচনা থেকে নেওয়া হয়েছে ?

খ) গৌরবির পরিচয় দাও ।

গ) নিজের জন্য তার কষ্ট হল কেন ?

12. "যদি শাস্ত্র বুঝিয়া থাকি, তবে তীর্থদর্শনে যেরূপ পরকালের কর্ম হয়, বাটি বসিয়াও সেরূপ হইতে পারে" -

ক) কে কাকে একথা বলেছে ? 1+2+2=5

খ) প্রসঙ্গ উল্লেখ কর ।

গ) উক্তির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন দিকটি প্রকাশিত ?

অথবা

"লক্ষটা তুবড়ি একসঙ্গে জ্বলছে, লক্ষটা রংমশালে একসঙ্গে আগুন দিয়েচে শংকরের মনে হল" -

ক) শংকরের পরিচয় দাও ।

খ) কি দেখে শংকরের এরূপ মনে হয়েছে ?

গ) দৃশ্যটির সংক্ষিপ্ত বর্ণনা দাও ।

13. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ - (একটি) 1X5=5

"রানি ভাসে প্রেমজলে, দ্রুতগতি চলে
খসিল কুন্তলভার।"

অথবা

"সেই হোমানলে হেরো আজি জ্বলে
দুখের রক্তশিখা,
হবে তা সহিতে মর্মে দহিতে
আছে সে ভাগ্যে লিখা।"

14. "মার অভিষেকে এসো এসো ত্বরা,
মঙ্গলঘট হয় নি যে ভরা" -
ক) কার লেখা, কোন কবিতা থেকে নেওয়া হয়েছে ?
খ) কোন মায়ের অভিষেকের কথা বলা হয়েছে ? কার প্রতি এই আহ্বান ?
গ) এই মঙ্গলঘট কীভাবে ভরা হবে ?

অথবা

"প্রণাম করিয়া বীরে ভাঁড়ু নিবেদন করে
সম্বন্ধ পাতায়্যা বলে খুড়া।"
ক) কার লেখা, কোন কবিতার অংশ ?
খ) বীর এবং ভাঁড়ুর পরিচয় দাও ।
গ) ভাঁড়ুর বীরের সাথে সম্বন্ধ পাতানোর উদ্দেশ্য কী ?

15. "জয়া কী কহিলি, আমারে কিনিলি,
কি দিলি শুভসমাচার।"
ক) কে, কার প্রতি এই উক্তি করেছে ?
খ) শুভ সমাচার কি ?
গ) এই সংবাদ শুনে বক্তার মনের কী অবস্থা হয়েছে ?

অথবা

গঙ্গার দুকুল কাছে যতেক কুলীন আছে
মোর ঘরে করয়ে ভোজন"
ক) পংক্তিটির রচয়িতা কে ? মূল কাব্যটির নাম কী ?
খ) বক্তা কে ? তার একথা বলার উদ্দেশ্য কী ?
গ) বক্তা কার প্রতি এই উক্তি করেছে ? তার কথা শুনে শ্রোতার প্রতিক্রিয়া কী হয়েছিল ?

16. "উঃ চিবনো যায় না, আম খেয়ে যা দাঁত টকে - "
ক) কে, কাকে একথা বলেছিল ?
খ) কোন আম খেয়ে বক্তার দাঁত টকে গিয়েছিল ?
গ) বক্তা মাঝপথেই কথা থামিয়ে দিল কেন ? 1+2+2=5

অথবা

"নেবুর পাতায় করমচা, হে বৃষ্টি ধরে যা' -

ক) বক্তা কে ?

খ) কোথায় দাঁড়িয়ে একথা বলা হয়েছে ?

গ) উক্তিটির তাৎপর্য্য লেখ ।

17. "হাসচো কেন খোকা, এটা কি নাট্যশালা" - 1+2+2=5

ক) কে, কাকে এই উক্তি করেছে ?

খ) খোকা হাসছিল কেন ?

গ) নাট্যশালাটি আসলে কী ? তার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

অথবা

"এখনই তাহার প্রাণটি সংগ্রহ করিয়া বোধ হয় কচুর পাতায় পুরিবে" -

ক) কোন গল্প থেকে নেওয়া ? লেখক কে ?

খ) একথা কে ভাবছে এবং কেন ?

গ) যে তাহার প্রাণটি কচু পাতায় পুরিবে, তার বর্ণনা দাও ।